Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# আলোকিত বাংলাদেশ



## ঢাবি উপাচার্যের সঙ্গে কোইকা প্রতিনিধিদলের সাক্ষাৎ

আলোকিত ডেস্ক

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর ডেপুটি কান্ট্রি ডিরেক্টর হিউম সাব কাং-এর নেতৃত্বে ১০-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন অধ্যাপক তাহওয়া লি, অধ্যাপক সেগমি পার্ক, অধ্যাপক হাই রিয়ং কিম এবং ইউনহে গো। এসময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা বাংলাদেশে নার্সিং শিক্ষা ও গবেষণার উন্নয়নে কোইকা'র সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে নার্সিং বিষয়ে পিএইচডি প্রোগ্রাম চালু করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

# দৈনিক বর্তমান



কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর ডেপুটি কান্ট্রি ডিরেক্টর হিউম সাব কাং-এর নেতৃত্বে ১০-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে -বর্তমান

## ঢাবি উপাচার্যের সঙ্গে কোইকা প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি


কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর ডেপুটি কান্ট্রি ডিরেক্টর হিউম সাব কাং-এর নেতৃত্বে ১০-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন অধ্যাপক তাহওয়া লি, অধ্যাপক সেগমি পার্ক, অধ্যাপক হাই রিয়ং কিম এবং ইউনহে গো। এসময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা বাংলাদেশে নার্সিং শিক্ষা ও গবেষণার উন্নয়নে কোইকা'র সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে নার্সিং বিষয়ে পিএইচডি প্রোগ্রাম চালু করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

### ঢাবি উপাচার্যের সঙ্গে

করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

# The Bangladesh Today



A 10-member delegation led by Hyum Sub Kang, Deputy Country Director of KOICA called on Dhaka University Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan yesterday at the latter's office of the university. Photo : Courtesy

## KOICA delegation calls on DU VC

A 10-member delegation led by Hyum Sub Kang, Deputy Country Director of KOICA called on Dhaka University (DU) Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan yesterday at the latter's office of the university. Some other team members were Prof. Taehwa Lee, Prof. Seurgmi Park, Prof. Hye Ryung Kim and Eunhae Go, a press release said.

Pro-Vice Chancellor (Administration) of DU Prof. Dr. Sayema Haque Bidisha, Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed and Treasurer Prof. Dr. M. Jahangir Alam Chowdhury, among others, were present on this occasion.

During the meeting they discussed the possibilities of introducing PhD Program in Nursing at Dhaka University with the support and cooperation from KOICA to promote Nursing education and research in Bangladesh.

Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan thanked the KOICA team members for their visit to Dhaka University and keen interest in its academic and research activities.

# The Country Today

## KOICA delegation calls on DU VC



*A 10-member delegation led by Hyum Sub Kang, Deputy Country Director of KOICA called on Dhaka University Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan on Wednesday at the latter's office of the university. -Photo: DU PR Office*

**Staff Correspondent**

A 10-member delegation led by Hyum Sub Kang, Deputy Country Director of KOICA called on Dhaka University (DU) Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan yesterday at the latter's office of the university. Some other team members were Prof. Taehwa Lee, Prof. Seurgmi Park, Prof. Hye Ryung Kim and Eunhae Go.

Pro-Vice Chancellor (Administration) of DU Prof. Dr. Sayema Haque Bidisha, Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed and Treasurer Prof. Dr. M. Jahangir Alam Chowdhury, among others, were present on this occasion.

During the meeting they discussed the possibilities of introducing PhD Program in Nursing at Dhaka University with the support and cooperation from KOICA to promote Nursing education and research in Bangladesh. **Continued to page 2**

## KOICA delegation calls

Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan thanked the KOICA team members for their visit to Dhaka University and keen interest in its academic and research activities.

# ভোরের কাগজ




*ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ভাষাবিজ্ঞান বিভাগের ১মবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ এবং মাস্টার্সের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. মামুন আহমেদ ও অন্যরা। বিজ্ঞপ্তি*

## ঢাকা বিশ্ববিদ্যালয়
## ভাষাবিজ্ঞান বিভাগের নবীনবরণ ও শিক্ষা সমাপনী

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের ১মবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ এবং মাস্টার্সের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী অনুষ্ঠান গতকাল বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

বিভাগীয় চেয়ারপার্সন ড. মনিরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন বিভাগের ছাত্র উপদেষ্টা সহকারী অধ্যাপক মাশরুর ইমতিয়াজ। নবীন শিক্ষার্থীদের পক্ষে অহিদুল ইসলাম ও নুসরাত জাহান এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে প্রজ্ঞা সাহা ও রাকিবুল ইসলাম রাকিব বক্তব্য দেন।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠা এবং দেশের আর্থসামাজিক উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় অনন্য অবদান রেখে চলেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে দেশ ও জাতির প্রত্যাশা অনেক। এই প্রত্যাশা পূরণে তাদের দক্ষ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

# আজকালের খবর




## ঢাবি ভাষাবিজ্ঞান বিভাগের নবীনবরণ ও শিক্ষা সমাপনী অনুষ্ঠিত

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের প্রথমবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ এবং মাস্টার্সের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী গতকাল বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারপারসন ড. মনিরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন বিভাগের ছাত্র উপদেষ্টা সহকারী অধ্যাপক মাশরুর ইমতিয়াজ। নবীন শিক্ষার্থীদের পক্ষে অহিদুল ইসলাম ও নুসরাত জাহান এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে প্রজ্ঞা সাহা ও রাকিবুল ইসলাম রাকিব বক্তব্য দেন। ড. মামুন আহমেদ বলেন, স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠা এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় অনন্য অবদান রেখে চলেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে দেশ ও জাতির প্রত্যাশা অনেক। এই প্রত্যাশা পূরণে তাদের দক্ষ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। শারীরিক ও মানসিক বিকাশের জন্য পড়াশোনার পাশাপাশি ক্রীড়া ও সহশিক্ষা কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত থাকার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

# ভোরের ডাক



*ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের ১মবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ এবং মাস্টার্সের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী অনুষ্ঠান গতকাল বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন*
*-ছবি : ঢাবি জনসংযোগ দফতর*

## ঢাবি ভাষাবিজ্ঞান বিভাগের নবীনবরণ ও শিক্ষা সমাপনী অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের ১মবর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ এবং মাস্টার্সের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী অনুষ্ঠান গতকাল বুধবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারপার্সন ড. মনিরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন বিভাগের ছাত্র উপদেষ্টা সহকারী অধ্যাপক মাশরুর ইমতিয়াজ। নবীন শিক্ষার্থীদের পক্ষে অহিদুল ইসলাম ও নূসরাত জাহান এবং বিদায়ী শিক্ষার্থীদের পক্ষে প্রজ্ঞা সাহা ও রাকিবুল ইসলাম রাকিব বক্তব্য দেন। -খবর বিজ্ঞপ্তি

# The BangladeshToday



## UGC, WB team visit DU hallls

DU Correspondant

A delegation from Bangladesh University Grants Commission and World Bank visited Dhaka University's Martyr Sergeant Zahurul Haque Hall and Bangladesh-Kuwait Friendship Hall on Wednesday.

The members of the delegation observed various issues related to solving the housing crisis of students and implementation of various development projects in Dhaka University with the financial support of the World Bank.

Among others, Treasurer of Dhaka University Prof Dr. Mohammad Jahangir Alam Chowdhury, Provost of Salimullah Muslim Hall Abdullah-al-Mamun and Martyr Sergeant Zahurul Haq Hall Provost Dr. Md. Farooq Shah were present.

# The New Age

## UGC, WB delegation visits 2 DU halls

Staff Correspondent

A DELEGATION from Bangladesh University Grants Commission and World Bank visited the Shahid Sergeant Zahurul Huq Hall and Bangladesh-Kuwait Maitree Hall of Dhaka University on Wednesday.

The delegation observed various issues related to solving the seat crisis of students and implementation of various development projects in the university with the financial support of the World Bank.

Among others, the DU treasurer Professor Mohammad Jahangir Alam Chowdhury, Salimullah Muslim Hall provost Abdullah-Al-Mamun, and Zahurul Huq Hall provost Md Faruk Shah were present on the occasion, said a press release.

**জনকণ্ঠ**

# ঢাবির ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ পরীক্ষা শুরু ২৫ জানুয়ারি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। বুধবার বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, আগামী ৪ নভেম্বর থেকে এ ভর্তির অনলাইনে আবেদন শুরু হবে। যা চলবে আগামী ২৫ নভেম্বর রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। পরে আগামী ২৫ জানুয়ারি থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে। ভর্তির আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৫০ টাকা এবং আইবিএ ইউনিটের আবেদন ফি ১ হাজার ৫০০ টাকা। চারটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যে কোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দেবে।

যে সকল শিক্ষার্থী ২০১৯ থেকে ২০২২ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন শুধুমাত্র তারাই এ ভর্তির জন্য আবেদন করতে পারবেন। মোট পাঁচটি ইউনিটে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ২৫ জানুয়ারি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা হবে, ১ ফেব্রুয়ারি বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা হবে, ৮ ফেব্রুয়ারি ব্যবসায় শিক্ষা ইউনিটের ভর্তি পরীক্ষা হবে, ৪ জানুয়ারি চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অঙ্কন) পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩ জানুয়ারি আইবিএ ইউনিটের ভর্তি পরীক্ষা হবে।